# India-Türkiye Foreign Office Consultations

June 11, 2022

---

# ভারত–তুর্কি বিদেশ দপ্তর পরামর্শ

জুন 11,2022

11 তম ভারত–তুর্কি বিদেশ দপ্তর পরামর্শ (এফওসি) 10ই জুন 2022 –এ আংকারাতে অনুষ্ঠিত হয়েছে। আলোচনাটির যুগ্মভাবে পৌরোহিত্য করেছেন শ্রী সঞ্জয় ভার্মা, সচিব (পশ্চিম) এবং তুর্কি প্রজাতন্ত্রের পররাষ্ট্র বিষয়ক উপমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার সেদাত ওনাল। শেষ দফার এফওসিটি 2019– এর মে মাসে দিল্লিতে অনুষ্ঠিত হয়েছিল।

2. আলোচনা কালে উভয়পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের একটি ব্যাপক পর্যালোচনা করেছে। উভয় পক্ষ 2021-2022 সালে 10 বিলিয়ন মার্কিন ডলার ছাপিয়ে যাওয়া দ্বিপাক্ষিক বানিজ্য সহ উর্দ্ধমুখী বাণিজ্যিক অগ্রগতির প্রশংসা করেছে। তুর্কির পরিবহন, ফার্মা এবং আইটি সেক্টরে ভারতীয় কোম্পানিগুলি কাজ করছে। অন্যদিকে ভারতের পরিকাঠামো ও ইঞ্জিনীয়ারিং সেক্টরে তুর্কির কোম্পানিগুলি সুযোগের সম্ভাবনাকে দেখতে পাচ্ছে। উভয় তরফ আরও অর্থনৈতিক, সাংস্কৃতিক এবং জনগণের সাথে জনগণের সম্পর্ক তৈরিতে সম্মত হয়েছে।

3. দুইপক্ষ, ইউক্রেন এবং ইন্দো–পেসিফিক সহ আঞ্চলিক ও আন্তর্জাতিক সমস্যাগুলি নিয়ে মত বিনিময় করেছে। তারা যথাযথভাবে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75 বছ্র উদযাপন করার জন্যও সম্মত হয়েছে।

4. আলোচনাটি বোঝাপড়া এবং অকপট আবহে অনুষ্ঠিত হয়েছে। উভয়পক্ষ একটি পারস্পরিক সুবিধামত তারিখে পরবর্তী দফার আলোচনাটি ভারতে অনুষ্ঠিত করতে সম্মত হয়েছে।

**নিউ দিল্লি**
**জুন 10, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.